



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দণ্ডন

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১২.০৬.২০২৩

### প্রেস রিলিজ

### পাবিপ্রবিতে স্বাস্থ্য সেবা ক্যাম্প এবং অংশীজনের সভা অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ সোমবার ১২ জুন দিনব্যাপী বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার ও সাভারের সিআরপি-এর যৌথ উদ্যোগে মেডিকেল স্বাস্থ্য সেবা ক্যাম্প হয়েছে। বিশ্ববিদ্যালয়ের মিলানায়তন ভবনে সকাল ১০টায় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন স্বাস্থ্য সেবা ক্যাম্প উদ্বোধন করেন। এসময় বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মোস্তফা কামাল খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয় শুন্দাচার কোশল কমিটির আহবায়ক অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী। সিআরপি থেকে উপস্থিত ছিলেন ড. সজল কুমার দাস এবং ড. মো. ফুরাতল হক।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ “স্বাস্থ্য সেবা ক্যাম্প” (ফিজিওথেরাপি ও রাইড প্রেসার নির্ণয়) এর শুভ উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন।

ছবি ইমরান আহমেদ

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, জীবনের প্রতিটি ক্ষেত্রে আমাদের শুন্দতা অর্জন করতে হবে। শরীর ও মন একে অপরের পরিপূরক। বয়সের সাথে সাথে শরীরের প্রতিটি অঙ্গের পরিবর্তন ঘটে। শরীর সুস্থ থাকলে মনও সুস্থ থাকে। সুস্থ শরীর মানসিক হতাশাকে দূর করতে পারে। আমাদের মনোজগতকে ঠিক রাখতে হবে। তিনি আরও বলেন, আমাদের ভালো চিন্তা ও ভালো কাজ করতে হবে। সবাই মিলে একসাথে কাজ করলে ভালো কিছু অর্জন করা সম্ভব।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মোস্তফা কামাল খান বলেন, প্রতিটি মানুষকে যার যার জায়গা থেকে শুন্দি হতে হবে। কর্মের মাধ্যমে পবিত্রতা অর্জন এবং সততা, দায়িত্ব, কর্তব্য ও জবাবদিহিতা বাঢ়াতে হবে। পবিত্রতা প্রতিটি মানুষের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত থাকতে হবে। অসংভাবে কোনোকিছু অর্জিত হলেও পরিণামে ভালোকিছু পাওয়া সম্ভব না। তাছাড়া নিজে সৎ না হলে, শুন্দাচার প্রশিক্ষণ নিয়েও তেমন কোনো লাভ হবে। প্রতিটি কাজ-কর্মে নিজেকে সৎ ও আত্মশুদ্ধি হতে হবে। মনের ইন্মন্যতাকে দূর করতে হবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম, প্রফেসর ড. মো. কামাল হোসেনসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা। দিনব্যাপী ফিজিওথেরাপি ও ব্লাড প্রেসার নির্ণয় সেবা প্রদান করা হয়। সঞ্চালনা করেন সহকারি রেজিস্ট্রার এসএস জহুরুল ইসলাম প্রিস।

এদিকে গতকাল দুপুরে শুন্দাচার কৌশল কমিটির উদ্যোগে অংশীজনদের নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। এতে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী, অভিভাবক, সাংবাদিক ও সুশীল সমাজের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

(মো.বাবুল হোসেন)

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়